**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর
৪৫০, জিএল রায় রোড, পূর্ব কামাল কাছনা, রংপুর।
[জনপ্রশাসন শাখা]
www.rangpurvat.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

নথি নং- ০৮.০১.৮৫০০.২০২.১১.০০১.২৩/ ৯৪৪৬ তারিখ: ২১/০৪/২০২৫ খ্রি.।

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, শুল্ক-১ শাখা, ঢাকার ইস্যুকৃত পত্র স্মারক নং- ০৮.০০.০০০০.০০০. .০৩৮.১১.০০৩২.২৪.৭২, তারিখ: ০৩/০৩/২০২৫ খ্রি: এর মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর এর ১১-২০তম গ্রেডের শূন্য পদে স্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের জন্য উল্লিখিত শূন্য পদে বিধি মোতাবেক নিয়োগের উদ্দেশ্যে বিজ্ঞপ্তিতে বর্ণিত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে শর্ত সাপেক্ষে অনলাইনে (Online-এ http://rangpurvat.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোনো মাধ্যমে প্রেরিত আবেদন সরাসরি বাতিল বলে বিবেচ্য হবে।

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | হিসাব রক্ষক-২<br>১২৫০০-৩০২৩০/-<br>(গ্রেড-১১) | ০১ টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | কুড়িগ্রাম, গাইবান্ধা, ঠাকুরগাঁও, দিনাজপুর, নীলফামারী, পঞ্চগড়, রংপুর ও লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ২ | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর<br>১১০০০-২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০১ টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণে সর্বনিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে ৫০ শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ৮০ শব্দ;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে ২৫ শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ শব্দ। | |
| ৩ | উচ্চমান সহকারী<br>১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০৯ টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে ২৫ শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ শব্দ। | |
| ৪ | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০২ টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণে সর্বননিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে ৪৫ শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ৭০ শব্দ; এবং<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে ২৫ শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ শব্দ। | |
| ৫ | ক্যাশিয়ার<br>১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০৩ টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী; তবে শর্ত থাকে যে, বাণিজ্যে স্নাতক ডিগ্রীধারী প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন। | |
| ৬ | ডাটা এন্ট্রি অপারেটর<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৭ | অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০৬ টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ২০ শব্দ; এবং<br>(ঘ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৮ | গাড়িচালক (ড্রাইভার) ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০৪ টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্স; এবং<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। | |
| ৯ | সিপাই ৯০০০-২১৮০০/- (গ্রেড-১৭) | ৩৪ টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) উচ্চতা: পুরুষ ৫´-৪´´ এবং মহিলা ৫´-২´´ , বুকের মাপ ৩০´´- ৩২´´ (উভয় ক্ষেত্রে)। | |
| ১০ | ডেসপাচ রাইডার ৮৮০০-২১৩১০/- (গ্রেড-১৮) | ০১ টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোটর সাইকেল চালনায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সধারী; এবং<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। | |
| ১১ | অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১৪ টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

**আবেদন করার নিয়মাবলি/শর্তাবলি:**

১। ০১/০৫/২০২৫ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। তবে, বিভাগীয় প্রার্থী হিসেবে (i) উচ্চমান সহকারী, (ii) সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ও (iii) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের প্রার্থীর বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য হবে না। এক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হবে।

২। সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। প্রার্থী মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৩। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি নিম্নোক্ত পদ্ধতিতে http://rangpurvat.teletalk.com.bd এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ-

Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৮/০৫/২০২৫ খ্রিস্টাব্দ, সকাল ১০.০০ টা। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ১২/০৬/২০২৫ খ্রিস্টাব্দ বিকাল ০৫.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র দাখিল এর সময় থেকে ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) ছবি (Photo) ও স্বাক্ষর (Signature) সংক্রান্ত:

ছবি (Photo) আপলোড: Online আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্যxপ্রস্থ) ৩০০x৩০০ Pixel এর কম বা বেশি নয় (File Size 100 KB এর বেশি গ্রহণযোগ্য নয়) এবং অনধিক ০৩ (তিন) মাস পূর্বে তোলা রঙিন ছবি আপলোড করতে হবে। উল্লেখ্য, সাদাকালো ছবি গ্রহণযোগ্য হবে না। Applicant's Copy তে প্রার্থীর ছবি মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাস পরে তোলা ছবি গ্রহণযোগ্য হবে না।

স্বাক্ষর (Signature) আপলোড: Online আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্যxপ্রস্থ) ৩০০x৮০ Pixel এর কম বা বেশি নয় (File Size 60 KB এর বেশি গ্রহণযোগ্য নয়) এরুপ মাপের স্বাক্ষর আপলোড করতে হবে। Applicant's Copy তে প্রার্থীর স্বাক্ষর মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। Home page এর (Photo & Signture Validator) Menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

(গ) Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:

অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Applicant Preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy তে যদি কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে প্রার্থীর সদ্য তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর রয়েছে মর্মে নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙ্গিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি ১নং ক্রমিকের পদবীর আবেদনের জন্য ১৫০/- (একশত) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১৮/- টাকাসহ মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা ও ২-৮ নং ক্রমিকের পদবীর আবেদনের জন্য ১০০/- (একশত) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- টাকাসহ মোট ১১২/-(একশত বারো) টাকা এবং ৯-১১ নং ক্রমিকের পদবীর আবেদনের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ০৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। তবে, সকল গ্রেড এর অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রকাশিত সকল পদের জন্য পরীক্ষার ফি ৫০/- (পঞ্চাশ) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ০৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত পূরণকৃত আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।

SMS এর নিয়মাবলি:

প্রথম SMS: RANGPURVAT<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: RANGPURVAT ABCDEF.
Reply: Applicant's Name, Tk-168/112/56 will charge as application fe. Your PIN is 12345678, To pay fee type RANGPURVAT<space>Yes<space>PIN and send 16222 নম্বরে।

Ⓟ

দ্বিতীয় SMS: RANGPURVAT<space>Yes<space>PIN and send করতে হবে 16222 নম্বরে।
Reply: Congratulation Applicant's Name. Payment Completed Successful for RANGPURVAT Application for (post Name) User ID (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ Password পাবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যত প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

(ছ) আবেদন গ্রহণের সময়সীমা শেষ হওয়ার পর প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://rangpurvat.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (কেবল যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। একই প্রবেশপত্র দিয়ে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। অনলাইনে আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

(জ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি আবশ্যিকভাবে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে; উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক ও শারীরিক পরীক্ষার সময়ে প্রদর্শন করবেন।

(ঝ) কেবল টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:
RANGPURVAT<space>HELP<space>User<space>User ID & send to 16222.
Example: RANGPURVAT HELP USER ABCDEF

(ii) PIN জানা থাকলে:
RANGPURVAT<space>HELP<space>PIN<space>PIN No. & send to 16222.
Example: RANGPURVAT HELP PIN 12345678

(iii) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(iv) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা ctrajtech@gmail.com বা alljobs.quer@teletalk.com.bd এ ই-মেইল করা যেতে পারে। (Mail এর Subject এ Organization Name: Rangpur VAT, Rangpur, Post Name:********, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(v) পত্রিকা ছাড়াও www.rangpurvat.gov.bd ওয়েবসাইটে এবং http://rangpurvat.teletalk.com.bd এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

(ঞ) আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

৪। প্রার্থীর যোগ্যতা যাচাই:
প্রার্থীর মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং- ক হতে জ পর্যন্ত) কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক) টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ)।
(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা, সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
(গ) কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র।
(ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ।
(চ) Online এ পূরণকৃত আবেদনপত্র ও প্রবেশপত্র (Applicant's Copy ও Admit Card)।
(ছ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।
(জ) গাড়িচালক পদের প্রার্থীদের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স।

৫। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৬। সকল পদের জন্য লিখিত (বাংলা, ইংরেজী, গণিত, সাধারণ জ্ঞান), ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে), শারীরিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে); এবং লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।

৭। সরকারের সর্বশেষ জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

৮। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯। নিয়োগের বিষয়ে বাংলাদেশ সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হবে।

১০। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। লিখিত, শারীরিক (প্রযোজ্য ক্ষেত্রে), মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) তারিখ ও সময়সূচি পরবর্তীতে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর এর ওয়েবসাইট (www.rangpurvat.gov.bd) এর মাধ্যমে জানানো হবে।

১২। লিখিত, শারীরিক (প্রযোজ্য ক্ষেত্রে)/ব্যবহারিক(প্রযোজ্যক্ষেত্রে)/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। বিজ্ঞপ্তিটি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর এর ওয়েবসাইট (www.rangpurvat.gov.bd) এ পাওয়া যাবে।

১৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৫। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

১৬। উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোনো ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হবে।

২৭.০৪.২০২৫

**(মোহাম্মদ হাবিবুর রহমান)**
**উপ কমিশনার**
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।
সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটির পক্ষে
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর।
ফোনঃ ০২৫৮৯৯৬৪১১১
e-mail: cevrangcom@yahoo.com